আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


বহরমপুর এক্সরে ক্লিনিক

স্বল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে আশ্বিন বুধবার, ১৩৭১ ইং 14th Oct. 1964 { ২২শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

S. P. Seavk9

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



খাস জনতা

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৮শে আশ্বিন বুধবার সন ১৩৭১ সাল।

# বাহন ধর্ম্মঘট

—০—

শিক্ষিতই হউক, আর অশিক্ষিতই হউক হিন্দুগণের অধিকাংশই জানেন—দেব-দেবীরা স্ব স্ব বাহনে চড়িয়া গতায়াত করেন। তবুও প্রতি বৎসর পঞ্জিকা খুলিয়া দেখেন মহামায়া মা দুর্গা এবার কিসে আসিবেন এবং কিসে যাইবেন। মায়ের বাহনের লক্ষণ অনুসারে দেশবাসীর মঙ্গল ও অমঙ্গল সূচনা হইয়া থাকে। মা দুর্গা তাঁহার চিরদিনের বাহনের নাম অনুসারে সিংহ-বাহিনী নাম তাঁর ধ্যানেও পরিলক্ষিত হয়। পঞ্জিকা-কার এবার গণিয়াছেন—দেবীর গজে (হস্তী—ইন্দ্রদেবের বাহন ঐরাবত) আগমন। তিনি যেবার ইন্দ্রের বাহন গজে আসেন সে বৎসর লেখা থাকে "গজে চ জলদা দেবী শস্যপূর্ণা বসুন্ধরা।" এবার তিনি গজেই আসিয়াছেন। অন্নের কাঙাল দেশবাসী খাদ্যের অভাব হইবে না বলিয়া ইহা সুলক্ষণ মনে করে। এবার তাঁর দোলায় গমন। দোলার ফল খুব সাংঘাতিক—"দোলায়াং মড়কং ভবেৎ।" এবার তাঁহার যাইবার বাহনের ফলে মড়কে লোকের ধ্বংস আশঙ্কা হইতেছে। মায়ের জ্যেষ্ঠ পুত্র গণেশ মূষিক বাহনে চলেন। সকল দেবতার আগে গণেশের পূজা হয়। অন্যান্য দেবদেবীর পূজার পূর্ব্বেই দেবতার বাহন ইন্দুর পূজিত হইয়া থাকেন।

মা লক্ষ্মীর বাহন পেচক (প্যাঁচা)। ধন-ধান্যের অধিকারিণী মা কমলা কমলবাসিনী হইয়াও বাহন পছন্দ করিয়াছেন নিশাচর পাখী প্যাঁচাকে। রাত্রে যাবেন, রাত্রে আসিবেন। বাহনের গমনাগমন রাত্রিকালে সুতরাং নিরন্ন ভক্তগণ মায়ের দর্শন পাইবে না কাজেই মা লক্ষ্মী "দাও মা! দাও মা!" এই বিরক্তি হইতে রক্ষা পাইবেন। জগন্মাতা দুর্গতিহারিণী দুর্গার পশুরাজ সিংহ বাহন থাকিতেও কেন যে ভিন্ন ভিন্ন বৎসরে ভিন্ন ভিন্ন বাহন লইয়া যান ও আসেন ইহা পশুরাজ সিংহের মনঃপুত হয় না বলিয়া তিনি সকল বাহনদের লইয়া এক ধর্ম্মঘট সভা আহ্বান করিয়াছেন। বাহনদের মধ্যে ক্ষুদ্রাদপি ক্ষুদ্র হইতেছে ইন্দুর। পশুরাজ সিংহ অন্য কোন প্রবল বাহনকে সভাপতি করার আগে যে দেবতার সর্ব্বাগ্রে পূজা হয়, তারই বাহনকে সভাপতি করিয়া প্রবল প্রবল বাহন সবকে হীন প্রতিপন্ন করিলেন। ইন্দুর সভাপতির আসন গ্রহণ করিয়া নারায়ণের বাহন গরুড়কেও যেন অপদস্থ করিবেন বলিয়া মনে হয়।

নারদ দেবতা নন তিনি দেবর্ষি। তাঁর বাহন ধানভাঙ্গা ঢেঁকি। কলহের মালিক নারদ যেমন জীব-বাহন নিযুক্ত করেন নাই তাঁর বাহন নির্জীব ঢেঁকি। এই বাহনের উচ্ছিষ্ট সব দেবতার ভোগে নিবেদন করা হয়। এই স্পর্দ্ধা কোন্দলের অধিষ্ঠাতা নারদ চিরদিন করিয়া থাকেন।

মা জগদম্বা পিত্রালয়ে তথা মর্ত্ত্যে মানবগণের পূজাস্থলে স্ববাহনা ও স্বজনসঙ্গিনী হইয়া অবতীর্ণা হইয়াছেন।

নারদ এই বেলা কৈলাসে মা অনুপস্থিত দেখিয়া মহাদেব মহেশ্বরের দর্শন জন্য গমন করিলেন।

মহাদেব নারদকে দেখিয়া বলিলেন—"নারদ! তোমার কাজ কারবার কলহ এখন তো খুব মন্দা চল্‌ছে। দেশ স্বাধীন হয়েছে, আর ঝগড়া বিবাদ নাই। তোমার নিত্যকর্ম্ম কোন্দল কোন্ দলে কোন্ দলে চলিতেছে?" একবার শোনাও, আমার আড্ডায় এসে কি করবে! তোমাদের মা নাই। আমার কলহ তিনদিন চুপচাপ্। তিনি ফিরলে ঝগড়ার আসর লাগা'তে পারবে।

নারদ বলিলেন—বাবা! যে মা পতিনিন্দা শুনে দেহত্যাগ করেন, তাঁর সঙ্গে দাম্পত্য কলহ কলহই নয়। পণ্ডিতেরা বহু গবেষণার পর স্থির করিয়াছেন—

"অজা যুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘ-ডম্বরে।
দাম্পত্য কলহে চৈব বহ্বারম্ভে লঘু ক্রিয়া।"

ছাগলের লড়াই, ঋষিগণের শ্রাদ্ধে, প্রভাতের মেঘের ঘটা, চিরদিনই আরম্ভের সময় খুব গুরুতর হইলেও ফল অত্যন্ত লঘু।



নারদ এইবার স্বাধীন দেশে কলহ নাই বলায় মহাদেবের নিকট রায় গুণাকর ভারতচন্দ্র-রচিত বিদ্যাসুন্দরের বৈপরীত্য দেখাইয়া স্বাধীন দেশের নির্ব্বাচনের ব্যাপারে **'নির্ব্বাচনে বিপরীত রীত'** নাম দিয়া অনুকৃতি প্রকাশ করিয়াছেন।

## *নির্ব্বাচনে বিপরীত রীত*

নৃপ নন্দন ভোট রসে রসিয়া,
পরিধান-ধুতি খদ্দর কসিয়া,
দ্বিজ-নন্দন চন্দন-পুষ্প-করে
অতি হীনজনে ধরি তুষ্ট করে,
যিনি বিপ্রকুলোদ্ভব বর্ণ-গুরু,
এক ভোট তরে ধরে শূদ্র-উরু
ধরি বিপ্রপদে নত শূদ্র কহে—
ছি ছি কী করো ঠাকুর কী কর হে।
নত জানু হয়ে মম জানু ধরি,
তব সূত্র-শিখা অপমান করি,
ইহ কাল তরে পরকাল দিলে,
হীরক ফেলি ছি কাচ নিলে,
কত অট্টালিকাবাসী পাট্টাধারী,
চলে বিদ্বান উদ্যান পাল-বাড়ী,
কত শিক্ষাভিমানীরা ভিক্ষা করে,
চলে লক্ষপতি দীনে লক্ষ্য ক'রে।
ঘৃণা ব্যঞ্জক শব্দে যে 'ত্যানা' কহে
বলে তেনু কাকা বাড়িতে আছ হে!
যিনি তস্কর-দলপতি দৈত্য-গুরু
তিনি বাক্যদানে আজি কল্পতরু।
ঠেলি নর্দ্দম-কর্দ্দম অর্দ্ধ রাতে,
কত মর্দ্দি জনে ফিরে ফর্দ্দ হাতে।
আজি কোন্ দলে কোন্ দলে কোন্দল হে
অহিংস দলে শুনি হিংস নহে।
তবে কঙ্গ-রসে দেখি ভঙ্গ রণে
সদা শঙ্কিত কেন এ বিপক্ষ গণে?

---

জাতীয় প্রতিরক্ষা তহবিলে
মুক্তহস্তে দান করুন

# বৈঠকি

প্রশ্ন—Honesty is the best policy.
"অনেষ্টি ইজ দি বেষ্ট পলিসি"
কথাটির অর্থ কি?

উত্তর—লোকের অনিষ্ট করাই হচ্ছে সর্ব্বাপেক্ষা উত্তম পলিসি।

---

প্রশ্ন—'রিপন' ও 'হেয়ার' ২টি স্কুলের নাম। আচ্ছা 'রিপনে' যদি অসংযত ছাত্রদিগকে সুশিক্ষা দিবার জন্য পীড়ন করা হয়; তাহা হইলে হেয়ারে কি করা উচিত?

উত্তর—হেয়ারে ( Care-যত্ন ) নেওয়া উচিত।

---

প্রশ্ন—লোক 'সৎ' শব্দটিকে খারাপ মনে করে কখন?

উত্তর—যখন ইহা 'মা' শব্দের বিশেষণ হয়।

---

প্রশ্ন—কোন্ ব্যক্তি বৎসরে দ্বাদশবার জন্ম গ্রহণ করে?

উত্তর—"নিশিকান্ত"।

---

প্রশ্ন—কি করিলে 'ছারপোকা' মহাশয় কামড়াইতে পারে না?

উত্তর—ছারপোকাময় বিছানায় না শুইলে।

---

অদ্ভুত মুখার্জ্জি চাকুরি করিবার জন্য রাজদরবারে উপস্থিত হইয়া চাকুরি প্রার্থনা করিলেন। রাজা বলিলেন তুমি কি কি কাজ করিতে পারিবে?

## অদ্ভুত মুখার্জ্জি বলিলেন—

হাঁস মারতে পারি ডাঁশ মারতে পারি
মাছি মারতে পারি কলে—
আর সাত রাত সাত দিনে ব্যাং মারতে
পারি যদি লাফিয়ে না পড়ে জলে॥

---

## যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত অপরাধীর ১৫ বৎসরে মুক্তি

নয়াদিল্লি, ১৩ই অক্টোবর মহাত্মা গান্ধীর হত্যাকারী নাথুরাম গডসের ভ্রাতা গোপাল বিনায়ক গডসেকে বিহার সেন্ট্রাল জেল হইতে আজ মুক্তি দেওয়া হইয়াছে। তাহার ১৫ বৎসর কারাদণ্ড ভোগ করা হইল। মহাত্মা গান্ধীর হত্যা কার্য্যে সাহায্য করিবার অপরাধে তাহাকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হইয়াছিল।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই নভেম্বর, ১৯৬৪

১৯৬১ সালের ডিক্রীজারী

৪১ মনি ডিঃ জ্যোৎস্নাময়ী সরকার দিং দেং গোবিন্দদাস নাথ মৃতাস্তে গোষ্ঠবিহারী নাথ দিং দাবি ৮২.৮২ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ২২ শতক জমির অর্দ্ধাংশ ১১ শতকের কাত ৶৫ পাই আঃ ৪০৲ খং ২২৪০ স্থিতিবান স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১৩ শঃ মধ্যে ৪ শঃ কাত।৶৮ পাই আঃ ১৮৲ খং ২২৪১ ৪নং লাট মৌজাদি ঐ ১৩ শঃ মধ্যে ৪ শঃ কাত।৶৮ পাই আঃ ১৮৲ খং ২২৪৩

১৯৬৩ সালের ডিক্রীজারী

৪২ মনি ডিঃ পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টর অব মুর্শিদাবাদ দেং কেনারাম সিংহ দিং দাবি ৭৫.২১ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে চাচণ্ড ১১ শঃ জমি আঃ ৫০৲ খং ৩৪ ২নং লাট মৌজাদি ঐ ২২ শঃ জমি আঃ ১০০৲ খং ২২৯

১৯৬৪ সালের ডিক্রীজারী

১২ মনি ডিঃ লুৎফল হক দেং আবদুল গণি দাবি ২৬০.৫৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জয়রামপুর ৯৬ শঃ জমি আঃ ১০০৲ খং ৪৩৯ রায়ত স্থিতিবান

৩ স্বত্ব ডিঃ গৌরাঙ্গচন্দ্র মণ্ডল দেং ক্ষেত্রমুনী দাসী দাবি ১৫৭.১০ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ৭৩ শঃ কাত ১৶৩ পাই আঃ ২৫০৲ খং ৩৯৮ ২নং লাট মৌজাদি ঐ ১১ শঃ কাত ৶৯ পাই আঃ ১৫০৲ খং ৫৩০

---

